

# ছাত্রদের সংঘাতের আশঙ্কা, ক্যাম্পাসে প্রবেশে বিধি-নিষেধ আরোপ

জগন্নাথ  
বিশ্ববিদ্যালয়  
প্রতিনিধি

২৮ ডিসেম্বর,  
২০২৪ ১৭:২৮

শেয়ার

অ +

অ -



ফাইল ছবি

জগন্নাথ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে প্রবেশে নতুন বিধিনিষেধ আরোপ করা হয়েছে। অধ্যয়নরত সকল শিক্ষার্থীদের স্ব স্ব আইডি কার্ড নিয়ে ক্যাম্পাসে প্রবেশ করার নির্দেশ প্রদান করা হয়েছে। আগামীকাল রবিবার থেকে এ আদেশ কার্যকর

হবে।

বিশ্ববিদ্যালয়ের সার্বিক শৃঙ্খলা ও নিরাপত্তা নিশ্চিত করতে এ সিদ্ধান্ত নিয়েছে প্রশাসন।

শনিবার (২৮ ডিসেম্বর) বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক ড. মুহম্মদ তাজামুল হক স্বাক্ষরিত এক অফিস আদেশে এ তথ্য জানানো হয়।

### আরো পড়ুন



পার্বত্য ভূমি সমস্যা সমাধানে কাজ চলছে : পার্বত্য উপদেষ্টা

নোটিশে বলা হয়, ক্যাম্পাসে সার্বিক শৃঙ্খলা ও নিরাপত্তার স্বার্থে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত সকল শিক্ষার্থীদের স্ব স্ব আইডি কার্ড নিয়ে ক্যাম্পাসে প্রবেশ করার নির্দেশ প্রদান করা হলো। শীতকালীন ছুটি পরবর্তী শিক্ষা কার্যক্রম শুরু হবে আগামীকাল রবিবার (২৯ ডিসেম্বর) থেকে। এদিন থেকে এই নোটিশ কার্যকর হবে।

সার্বিক বিষয়ে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক ড. মুহম্মদ তাজাম্মুল হক কালের কণ্ঠকে বলেন, ছাত্রদলের আহ্বায়ক কমিটি প্রকাশ নিয়ে ক্যাম্পাসে বিগত কয়েকদিন অস্থিতিশীলতা সৃষ্টি হয়েছে। ক্যাম্পাস খুললে সংঘাত সৃষ্টি হতে পারে। যেকোনো ধরনের সংঘাত এড়াতে এই পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। আমরা ক্যাম্পাসে পুলিশ ঢুকাতে পারি না।

ফলে ক্যাম্পাসের সার্বিক নিরাপত্তায় শিক্ষক, শিক্ষার্থীসহ সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে।

